গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়,
দিনাজপুর সরকারি মহিলা কলেজ,দিনাজপুর।
College Code No- 3403

**বিজ্ঞপ্তি নং- ০৯** তারিখ: ১১/০১/২০২২খ্রি.

## ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের কোর্স পরিবর্তন, ২য় মেধা তালিকা প্রকাশ ও কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের কোর্স পরিবর্তন ও ২য় মেধা তালিকা ১২ জানুয়ারি ২০২২ তারিখ বিকাল ৪টায় প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (nu<space>atdg<space>roll no. টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) রাত ৯টা থেকে পাওয়া যাবে।

উল্লেখ্য যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট অথবা স্নাতক (সম্মান) শ্রেণিতে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত অবস্থায় থাকলে তাকে অবশ্যই ১৮ জানুয়ারি ২০২২ তারিখের মধ্যে পূর্ববর্তী ভর্তি বাতিল করে এ শিক্ষা কার্যক্রমে ভর্তি হতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে তার রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। এ ভর্তি কার্যক্রমের বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Prospectus/Important Notice অপশন থেকে জানা যাবে।

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ২য় মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১। | ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে যাদের কোর্স পরিবর্তন হবে তাদের পরিবর্তিত কোর্সের ভর্তি ফরম এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ:<br>উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর কোর্স পরিবর্তন হলে তার পূর্বের কোর্সের ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত কোর্সে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন শিক্ষার্থীর কোর্স পরিবর্তন না হলে তার পূর্বের কোর্সের ভর্তি বহাল থাকবে।<br>ক) কোর্স পরিবর্তনের ফরম সংশ্লিষ্ট কলেজ কর্তৃক অনলাইনে নিশ্চয়ন করতে হবে না।<br>খ) কোর্স পরির্তনের ক্ষেত্রে শিক্ষার্থীকে কোন ফি প্রদান করতে হবে না। | ১২/০১/২০২২<br>থেকে<br>২০/০১/২০২২ |
| ২। | ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ:<br>শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Degree Pass Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে এর প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে। | ১২/০১/২০২২<br>থেকে<br>২০/০১/২০২২ |
| ৩। | ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে রেজিস্ট্রেশন ফিসহ ভর্তি বাবদ ৩১৫৫/-(তিন হাজার একশত পঞ্চান্ন) টাকা অত্র কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাকিং এর মাধ্যমে জমা দেয়ার তারিখ: | ১৩/০১/২০২২<br>থেকে<br>২২/০১/২০২২ |
| ৪। | কলেজ কর্তৃক ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের তারিখ:<br>কলেজ কর্তৃপক্ষকে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য ও ছবি (শিক্ষার্থীদের সনদপত্র ও নম্বরপত্র অনুযায়ী) যাচাই করে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোন শিক্ষার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য ও ছবিতে অসংগতি বা গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে ঐ শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন না করে বিষয়টি লিখিতভাবে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর জানাতে হবে। | ১৩/০১/২০২২<br>থেকে<br>২৩/০১/২০২২ |
| ৫। | সংশ্লিষ্ট কলেজকে ২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত রেজিস্ট্রেশন ফি [শিক্ষার্থী প্রতি ৪৮৫/-(চারশত পঁচাশি) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ:<br>এ লক্ষ্যে কলেজকে Login এর মাধ্যমে admission Payment Info (Degp.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর-0218100000134 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। | ২৪/০১/২০২২<br>থেকে<br>২৭/০১/২০২২ |

বি:দ্র: সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

# ফি প্রদান পদ্ধতি

Biller ID- 3286

Bill Number-শিক্ষার্থীর স্ব স্ব বিভাগের নাম ইংরেজিতে BA অথবা BSS ও জাতীয় বিশ্বদ্যিালয়ের আবেদন ফরমের Admission Roll দিতে হবে(Space ছাড়া)

পদ্ধতি:

১. লগইন রকেট এ্যাপস → ক্লিক বিল পে → Biller ID 3286 (কলেজের নাম আসবে) → Bill Number এর স্থানে স্ব স্ব বিভাগের নাম ইংরেজিতে BA অথবা BSS ও Admission Roll (Space ছাড়া) দিতে হবে → পে ফর (নিজের মোবাইল হলে Self/ অন্যের মোবাইল হলে Other→ এমাউন্ট ৩১৫৫/-(তিন হাজার একশত পঞ্চান্ন) → রকেট পিন নম্বর দিয়ে Send করতে হবে ফিরতি এসএমএস আসবে। ফি প্রদান সম্পন্ন হলে মোবাইলে TxnID সম্বলিত এসএমএস আসবে। উক্ত TxnID নম্বরটি ডাউনলোডকৃত ভর্তির আবেদন ফরমের উপরে হাতে লিখে কলেজে জমা দিতে হবে।

অথবা

২. USSD-Dial: *322# ডায়াল→ বিল পে → নিজের মোবাইল হলে Self/ অন্যের মোবাইল হলে Other→ Other→ Biller ID এর স্থানে 3286→ Bill Number এর স্থানে স্ব স্ব বিভাগের নাম ইংরেজিতে BA অথবা BSS ও Admission Roll (Space ছাড়া) দিতে হবে → এমাউন্ট ৩১৫৫/-(তিন হাজার একশত পঞ্চান্ন) → রকেট পিন নম্বর দিয়ে সেন্ড করতে হবে → ফিরতি এসএমএস আসবে। ফি প্রদান সম্পন্ন হলে মোবাইলে TxnID সম্বলিত এসএমএস আসবে। উক্ত TxnID নম্বরটি ডাউনলোডকত ভর্তি ফরমের উপরে হাতে লিখে জমা দিতে হবে।

যেমন : Bill Number এর স্থলে BSSxxxxxxx অথবা Bill Number এর স্থলে BAxxxxxxx

বিশেষ দ্রষ্টব্য ঃ ভর্তি ফি ৩১৫৫/-(তিন হাজার একশত পঞ্চান্ন) ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট এর মাধ্যমে কলেজ হিসাব নম্বরে জমা না দেয়া পর্যন্ত ভর্তির আবেদন অসম্পূর্ণ থেকে যাবে। কলেজে ভর্তি ফরম পদার্থবিজ্ঞান বিভাগে জমাদানের সাথে নিম্নোক্ত কাগজসমূহ জমা দিতে হবে।


১। অনলাইন ভর্তি ফরম (TxnID ফর্মের উপরে লেখাসহ);

২। শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের রঙিন ছবি ০৪(চার) কপি;


৩। এসএসসি ও এইচএসসি পাসের ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্রের মূল কপি ও ফটোকপি ০২(দুই) কপি;

৪। এইচএসসি পাসের প্রশংসা পত্রের মূল কপি ও ফটোকপি ০২(দুই) কপি।

৫। ১০x১২ সাইজের একটি বড় খামের উপরে নাম, ঠিকানা, Admission Roll, HSC Roll এবং মোবাইল নম্বর লিখে সকল কাগজপত্র খামের ভিতরে ঢুকিয়ে জমা দিতে হবে।



আহবায়ক
ডিগ্রী(পাস) ১ম বর্ষ ভর্তি কমিটি/২০২১
দিনাজপুর সরকারি মহিলা কলেজ,
দিনাজপুর।



অধ্যক্ষ
দিনাজপুর সরকারি মহিলা কলেজ,
দিনাজপুর।